**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-০৪/২০২৫ জে, তারিখ: ১১ ফাল্গুন, ১৪৩১ / ২৪ ফেব্রুয়ারি, ২০২৫

**বিষয়: বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের ব্যক্তিগত ও চাকুরি সংক্রান্ত সকল তথ্য তাঁদের স্ব-স্ব ডোসিয়ারে সংরক্ষণের নিমিত্ত পিডিএস ডাটাবেজে ইনপুট প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের ব্যক্তিগত ও চাকুরি সংক্রান্ত তথ্য সংরক্ষণের জন্য পিডিএস ডাটাবেজ/সফটওয়্যার তৈরি করা হয় এবং (এম) ৮-সি ফরমের মাধ্যমে ইতঃপূর্বে সংগৃহীত তথ্য উক্ত ডাটাবেজে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়। কিন্তু উক্ত পিডিএস ডাটাবেজে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের ব্যক্তিগত ও চাকুরি সংক্রান্ত সকল তথ্য নেই। ফলে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের পদোন্নতি, বদলিসহ অন্যান্য প্রশাসনিক কাজে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে।

২। বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের পদোন্নতি, বদলি এবং বিভিন্ন প্রশিক্ষণসহ অন্যান্য প্রশাসনিক কাজের প্রয়োজনে তাঁদের ব্যক্তিগত ও চাকুরি সংক্রান্ত সকল তথ্য পিডিএস ডাটাবেজে এবং তাঁদের স্ব-স্ব ডোসিয়ারে সংরক্ষণ করার জন্য বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেছেন।

৩। এমতাবস্থায়, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণ-কে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) অনলাইনে সাবমিট করার নিমিত্ত স্ব-স্ব সার্ভিস আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের ব্যক্তিগত ও চাকুরি সংক্রান্ত সকল তথ্য আগামী ১৬.০৩.২০২৫ তারিখের মধ্যে অত্র (https://apps.supremecourt.gov.bd/pds/) লিংকে পূরণ করার জন্য বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হলো।

৪। উল্লেখ্য, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণ কর্তৃক উল্লিখিত লিংকে পূরণকৃত সকল তথ্য প্রিন্টপূর্বক তাঁদের স্ব-স্ব ডোসিয়ারে সংরক্ষিত রাখা হবে।

সংযুক্তি: নির্দেশিকা ০৪ (চার) ফর্দ।

**স্বাক্ষরিত**
(ড. আজিজ আহমদ ভূঞা)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-২০৫৮ জে, তারিখ: ১১ ফাল্গুন, ১৪৩১ / ২৪ ফেব্রুয়ারি, ২০২৫

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,---------------------------------------------------------------- ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------------------------------------------ (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ------------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- ------------------------ --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, --------------------- ---------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----------------------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------------ (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ----------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ........................................................ (সকল)।
১৬। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপিলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,-----------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।

28.02.2025

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: +৮৮০২২২৩৩৮১৮৬৫
ইমেইল:judicialdr1@gmail.com

## বিচার বিভাগীয় কর্মকর্তাগণের

# পিডিএস

## অনলাইনে প্রেরণ সংক্রান্ত

# নির্দেশিকা

সফটওয়্যার ও নির্দেশিকা তৈরীতে

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

28.02.2026

ড. মোঃ আতিকুস সামাদ
ডেপুটি রেজিস্ট্রার
(যুগ্ম জেলা ও দায়রা জজ)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।


**পিডিএস, এসিআর, লিভ এ্যাপলিকেশন, আইডি কার্ড সহ সকল সিস্টেম এর ইউজার আইডি ও পাসওয়ার্ড একই। কারো আইডি পাসওয়ার্ড না থাকলে বা কোন সিস্টেমে কাজ না করলে সিস্টেম/সফটওয়্যারের নাম সহ Whatsapp 01719900737 নাম্বারে আপনার নাম, পদ ও সার্ভিস আইডি সেন্ড করুন। এছাড়া যেকোন টেকনিক্যাল সাপোর্টের জন্য এই নাম্বারে মেসেজ দিন।**

<u>পরিচিতি ও উদ্দেশ্য :</u>

বাংলাদেশ বিচার বিভাগের কর্মকর্তাবৃন্দের পিডিএস ডাটা সংগ্রহ করার লক্ষ্যে একটি অনলাইন সফটওয়্যার তৈরী করা হয়েছে। এর দ্বারা একজন বিচারক অনলাইনের মাধ্যমে নিজের সকল তথ্য হাইকোর্টে প্রেরণ  করতে পারবেন। অনুবেদনকারী কর্মকর্তাও তা অনলাইনে বের করে অনুবেদন করতে পারবেন।

সফটওয়্যারে প্রবেশ/লগইন :

1. https://apps.supremecourt.gov.bd/pds/ ঠিকানায় যেকোন ব্রাউজারে সাইট খুলুন। নীচের মতো একটি Login ফর্ম দেখতে পাবেন।




ছবি : লগইন ফর্ম


28.02.25

ড. মোঃ আতিকুস সামাদ
ডেপুটি রেজিস্ট্রার
(যুগ্ম জেলা ও দায়রা জজ)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

2. এখানে User Id ও Password প্রদান করুন।


<u>ডাটা প্রদান :</u>

লগইন করার পর হোমপেজে নির্দেশনা এবং ফর্মের তালিকা দেখতে পাবেন। এছাড়া, বামে একটি মেনু দেখতে পাবেন।




ছবি : হোমপেজ ও মেনু

বামের মেনু থেকে কিংবা ডান দিকের প্রত্যেকটি লিংকে ক্লিক করে করে সংশ্লিষ্ট ফর্ম ওপেন করুন এবং ডাটা আপডেট করুন। উদাহরণ স্বরূপ, যদি পিতা-মাতা সম্পর্কিত তথ্য আপডেট করতে চান, তাহলে Father and Mother লিংকে ক্লিক করুন। ফলে নীচের মতো একটি ফর্ম পাবেন :




28.02.25

ড. মোঃ আতিকুস সামাদ
ডেপুটি রেজিস্ট্রার
(যুগ্ম জেলা ও দায়রা জজ)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

প্রত্যেকটি বক্সে যথাযথ তথ্য প্রদান করে নীচের Save বাটনে ক্লিক করুন, এবং Close বাটনে ক্লিক করে বের হয়ে আসুন।

এছাড়াও, উদাহরণ স্বরূপ যদি বিদেশ ভ্রমণ সম্পর্কিত তথ্য প্রদান করতে চান, তাহলে Foreign Tour লিংকে ক্লিক করুন। এখানে, প্রয়োজনীয় তথ্য প্রদান করুন এবং Save বাটন ক্লিক করুন। যদি একাধিক রেকর্ড এ্যাড করতে চান, তাহলে Add Record বাটন ক্লিক করুন এবং তথ্য প্রদান করে সেভ করুন।

<u>স্বাক্ষর আপলোড :</u>

এসিআর এর সাইটে যে স্বাক্ষর আপলোড করা হয়েছে, এই সিস্টেমে সেই স্বাক্ষর প্রদর্শিত হবে। কারো স্বাক্ষর আপলোড না থাকলে এসিআর এর সাইটে গিয়ে স্বাক্ষর আপলোড করে নিন।

<u>Print গ্রহণ :</u>

আপনার দ্বারা প্রদত্ত সকল তথ্যের Print গ্রহণ করার জন্য হোমপেজ থেকে Full Report লিংকে ক্লিক করে প্রিভিউ দেখুন। যদি সকল তথ্য সঠিক ভাবে পূরণ করা হয়ে থাকে, তাহলে এর প্রিন্ট গ্রহণ করুন।

<u>চূড়ান্তকরণ :</u>

সকল তথ্য ঠিক ভাবে প্রদান করা হয়ে গেলে এবার চূড়ান্ত সাবমিট করতে হবে। চূড়ান্ত সাবমিট করার পর এতে আর কোন তথ্য পরিবর্তন করা যাবে না। সকল তথ্য পূরণ সম্পন্ন হলে হোম পেজে Finalize and Submit নাম একটি লাল রঙের বাটন প্রদর্শিত হবে। সেখানে ক্লিক করে তথ্য পূরণ চূড়ান্ত করুন।

চূড়ান্ত সাবমিট এর পর থেকে আপনি আর কোন তথ্য পরিবর্তন করতে পারবেন না।

28.02.২৫

ড. মোঃ আতিকুস সামাদ
ডেপুটি রেজিস্ট্রার
(জেলা ও দায়রা জজ)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।